



Reg. No.Dha-0462

# বাংলাদেশ মহিলা পরিষদ

BANGLADESH MAHILA PARISHAD

SUFIA KAMAL BHABAN

10/B/1, SEGUN BAGICHA, DHAKA-1000

Phone 9582182, Fax 9563529, website: www.mahilaparishad.org

E-mail: info@mahilaparishad.org, mparishad@gmail.com

NGOs in consultative status with the Economic and Social Council [ECOSOC] of the United Nations

তারিখ: ১৭.০৬.২০২২

বরাবর

বার্তা সম্পাদক সমীপে

দৈনিক পত্রিকা ও টেলিভিশন চ্যানেল

সংবাদ প্রকাশ ও সংবাদ প্রচারার্থে।

বিষয়: চট্টগ্রাম মহানগরীর বায়েজিদ বোস্তামী থানাধীন অক্সিজেন মোড় এলাকায় গৃহবধূকে কৌশলে বাসে তুলে নিয়ে দলবদ্ধ ধর্ষণের ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করে জড়িতদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের দাবিতে বাংলাদেশ মহিলা পরিষদের বিবৃতি।

অদ্য ২১ জুন ২০২২ তারিখ বিভিন্ন দৈনিক পত্রিকায় প্রকাশিত সংবাদ মাধ্যমে জানা যায় যে- চট্টগ্রাম মহানগরীর বায়েজিদ বোস্তামী থানাধীন অক্সিজেন মোড় এলাকায় কৌশলে গৃহবধূকে বাসে তুলে নিয়ে দলবদ্ধ ধর্ষণের ঘটনা ঘটেছে। জানা যায়, ধর্ষণের শিকার গৃহবধূ মারধরের একটি ঘটনায় মামলা করার বিষয়ে আলাপ করার জন্য বায়েজিদ বোস্তামী এলাকায় স্বজনের বাসায় যান। গত ১৯ জুন ২০২২ তারিখ স্বজনের বাসা থেকে বেরিয়ে আদালতে যাবার উদ্দেশ্যে অক্সিজেন মোড়ে ওই গৃহবধূ দাঁড়িয়ে থাকার বাসের চালককে চট্টগ্রাম আদালত ভবনে যাওয়ার কথা বললে বাসচালক গৃহবধূকে বাসে তুলে নেয়। বাসে কোন যাত্রী না থাকায় চলন্ত বাসের দরজা বন্ধ করে বাসচালক নুরুল আলম, বাসের হেলপার মোহাম্মদ রবিউল ও সহযোগী মো. শাহজাহান ওই গৃহবধূকে ধর্ষণ করে। এ ঘটনায় গৃহবধূর স্বামী বোস্তামী থানায় একটি মামলা দায়ের করেন।

নারী ও কন্যার প্রতি বর্বর ও নৃশংসতার রূপ হচ্ছে ধর্ষণ। নারী ও কন্যার প্রতি বর্বর সহিংসতা, ধর্ষণ ও দলবদ্ধ ধর্ষণের ঘটনা উদ্বেগজনকভাবে বৃদ্ধি পাচ্ছে। নারী ও কন্যাদের ঘরে-বাইরে নিরাপত্তা হুমকির সম্মুখীন, যা পরিবার-সমাজ ও রাষ্ট্রের উন্নয়নে নারীর ইতিবাচক অংশগ্রহণের ক্ষেত্রে বাধা সৃষ্টি করছে এবং আইন-শৃঙ্খলা পরিস্থিতিকে প্রশ্নবিদ্ধ করছে। বাংলাদেশ মহিলা পরিষদ এই অবস্থা থেকে উত্তরণের লক্ষ্যে দ্রুত বিচার নিশ্চিতকরণে আশু কার্যকরী পদক্ষেপ গ্রহণের দাবি জানাচ্ছে। এই ধরনের ঘটনা প্রতিরোধে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, স্থানীয় প্রশাসন ও জনপ্রতিনিধিদের গুরুত্বসহকারে বিবেচনায় নিয়ে যথাযথ দায়িত্ব পালনের দাবি জানাচ্ছে।

উপরোল্লিখিত ঘটনায় বাংলাদেশ মহিলা পরিষদ ঘটনার সাথে জড়িতদের বিরুদ্ধে সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত সাপেক্ষে দৃষ্টান্তমূলক শাস্তির জোর দাবি জানাচ্ছে। ঘটনার শিকার গৃহবধূর সূচিকিৎসাসহ তার ও তার পরিবারের সদস্যদের নিরাপত্তার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানাচ্ছে। সেইসাথে বাংলাদেশ মহিলা পরিষদ নারী ও কন্যার প্রতি সহিংসতা এবং সামাজিক অবক্ষয়ের বিরুদ্ধে সারাদেশে সামাজিক প্রতিরোধ গড়ে তোলার আহ্বান জানাচ্ছে।

বিবৃতিতে স্বাক্ষর করেন-

ডা. ফওজিয়া মোসলেম

সভাপতি

বাংলাদেশ মহিলা পরিষদ

মালেকা বানু

সাধারণ সম্পাদক

বাংলাদেশ মহিলা পরিষদ